# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2016**
**FIRST YEAR (BATCH 2016-19)**
**BENGALI (Honours)**

Date : 13/12/2016
Time : 11 am – 3 pm
Paper : I
Full Marks : 100

১। **<u>যে কোনো দুটি</u>** প্রশ্নের উত্তর দাও। (২ × ১০)

ক) মঙ্গলকাব্য সৃষ্টির প্রেক্ষাপট আলোচনা করে বিজয় গুপ্তের কবি কৃতিত্ব নিরুপণ করো। (৩ + ৭)

খ) মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য কারণগুলি নির্দেশ করে কৃত্তিবাস অনূদিত রামায়ণের বাঙালিয়ানার পরিচয় দাও। (৩ + ৭)

গ) বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের পুঁথি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? কাব্যটির সাহিত্যমূল্য আলোচনা করো। (১ + ১ + ১ + ৭)

ঘ) কবির নামোল্লেখ করে বাংলা চৈতন্যজীবনী কাব্যগুলির নাম লেখো। তোমার মতে শ্রেষ্ঠ কাব্য কোনটি—সংক্ষেপে আলোচনা করো। (৩ + ৭)

২। টীকা লেখো (**<u>যে কোনো একটি</u>**)। (১ × ৫)

ক) শাহ্ মহম্মদ সগীর

খ) চর্যাপদের ভাষা

৩। **<u>যে কোনো চারটি</u>** শব্দের শুদ্ধ বানান লেখো এবং তাদের অশুদ্ধির কারণ নির্দেশ করো। (৪ × ২)

অপরাহ্ন, রামায়ন, শ্রীচরণেসু, পরিস্ফুট, কিসে, মাষ্টার, প্রতিযোগীতা

৪। **<u>যে কোনো দুটি</u>** বাক্যকে মান্য লিখিত বাক্যের পদ্ধতি অনুযায়ী শুদ্ধ করো এবং এদের অশুদ্ধির কারণ লেখো। (২ × ৩)

ক) পাখিদের ডানাতে যখন রঙ ছিল।

খ) বইগুলোর তখন সবে ভাবনা শুরু হয়েছে।

গ) আমার সঙ্গে তার দেখা হই নি।

ঘ) ভূতনাথের শ্বশুর আর টাকা পাঠায়।

৫। উচ্চারণের স্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করো। (১১)

**<u>অথবা</u>**

স্বনিম কাকে বলে? স্বনিম নির্ণয়ের ইতিমূলক সূত্রগুলো কী কী? স্বনিম নির্ণয়ের ক্ষেত্রে কোন কোন সতর্কতা অবলম্বন করতে হয়? (২ + ৪ + ৫)

৬। অভিসার পর্যায়ের তত্ত্বগত পরিচয় দাও। তোমার পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো। (৪ + ৭)

**<u>অথবা</u>**

‘বৈষ্ণব কবিগণ প্রেমমনস্তত্ত্বের সুনিপুণ রূপকার।’—উপযুক্ত উদাহরণসহ বিষয়টি পর্যালোচনা করো। (১১)

৭। ‘কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন।’—কোন পর্যায়ের পদ? ‘বঁধু’ বলতে কাকে বোঝানো হয়েছে? পদাংশটির যথার্থ কী? (১ + ১ + ২)

**<u>অথবা</u>**

‘দুখিনীর দিন দুখেতে গেল
মথুরা নগরে ছিলে ত ভাল।।’—কোন পর্যায়ের পদ? ‘দুখিনী’ কে? তার এরকম বলার কারণ কী? (১ + ১ + ২)

৮। ‘হরগৌরীর গান যেমন সমাজের গান, রাধাকৃষ্ণের গান তেমনি সৌন্দর্যের গান’—শাক্ত পদাবলী ও বৈষ্ণব পদাবলীর তুলনামূলক আলোচনার মধ্য দিয়ে বিষয়টি ব্যক্ত করো। (১১)

**<u>অথবা</u>**

‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্যায়ে শাক্ত কবিরা যে পারিবারিক ও সামাজিক জীবনচিত্র উপস্থাপিত করেছেন, তার স্বরূপ দৃষ্টান্তসহ আলোচনা করো। (১১)

৯। ‘ওরে নবমী নিশি, না হইও রে অবসান।
শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান।।’—কার পদ? এখানে কে, কেন এরকম কথা বলেছেন? (১ + ১ + ২)

**অথবা**

‘শুনেছ সতীনের ভয়, সে সকল কিছু নয় মা!
তোমার অধিক ভালবাসে সুরধুনী।’—পদকর্তা কে? ‘সতীনের ভয়’ থেকে কে নিরসন করেন? এই ভয় পাওয়ার কারণ কী? (১ + ১ + ২)

১০। দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। (১০)

**অথবা**

টীকা লেখো (**যে কোনো দুটি**)। (২ × ৫)
ছেদ, দল, যতি, স্তবক

১১। **যে কোনো দুটির** ছন্দলিপি প্রণয়ন করো। (২ × ৫)

ক) কী স্বপ্নে কাটালে তুমি দীর্ঘ দিবানিশি
অহল্যা পাষাণ রূপে ধরাতলে মিশি।

খ) নিম খাওয়ালে চিনি বলে কথায় করে ছলো।
মিঠার লোভে তিত মুখে সারা দিনটা গেলো।।

গ) হৃদয় আজি মোর কেমনে গেল খুলি
জগৎ আসি সেথা করিছে কোলাকুলি।

ঘ) বলে গিয়েছেন জীবনানন্দ সবাই তো নয় কেউ কেউ কবি
সে কেবল পারে সহজে আঁকতে মর্মলোকের মায়াময় ছবি।

——— × ———